

# তাপ প্রবাহে প্রাণিসম্পদ ব্যবস্থাপনায় করণীয়



আবহাওয়া অধিদপ্তরের পূর্বাভাস মোতাবেক দেশে চলমান মৃদু (৩৬°-৩৮° সে.) থেকে মাঝারী (৩৮°-৪০° সে.) কিংবা কোথাও কোথাও তীব্র (৪০°-৪২° সে.) তাপ প্রবাহ চলমান থাকতে পারে। এমতাবস্থায়, তাপ প্রবাহজনিত পীড়ন (স্ট্রেস) সহনীয় করতে গবাদিপশু/পোল্ট্রি খামারীগণ নিম্নলিখিত ব্যবস্থাপনা অনুসরণ করতে পারেন।

১. গবাদিপশু/পোল্ট্রির ঘর শীতল রাখার ব্যবস্থা করতে হবে। এজন্য শেডের চালে ভেজা চট/বস্তা/কাপড় বিছিয়ে দেয়া যেতে পারে এবং সময়ে সময়ে তাতে পানি ছিটিয়ে ভিজিয়ে দিতে হবে। ঘরের ভিতরেও ভেজা চট/বস্তা/কাপড় বুলিয়ে রাখলে তা ঘরের ভিতরের তাপমাত্রা কমাতে সাহায্য করবে। ঘরের ভিতরে পর্যন্ত বায়ু চলাচলের ব্যবস্থা করতে হবে, প্রয়োজনে ফ্যান ব্যবহার করতে হবে।
২. গবাদিপশুকে দিনে একাধিকবার গোসল করানো/পাইপের সাহায্যে পানি ছিটিয়ে ভিজিয়ে দিতে হবে।
৩. গবাদিপশু/পোল্ট্রিকে পর্যাপ্ত পানি সরবরাহ করুন। পানির সাথে উপযুক্ত পরিমাণে লবন/ভিটামিন সি/ইলেক্ট্রোলাইট/গ্লুকোজ ইত্যাদি মিশিয়ে দেয়া যেতে পারে।
৪. সকাল ১০ টা থেকে বিকাল ৩টা পর্যন্ত সময়ে আবদ্ধ ঘরে বা খোলা মাঠে গবাদিপশু না রেখে গাছের/প্রাকৃতিক ছায়াযুক্ত স্থানে রাখুন।
৫. গবাদিপশুকে খড় বা অতি পরিপক্ব শক্ত আঁশযুক্ত খাবার সরবরাহ পরিহার করে নরম কচি ঘাস সরবরাহ করতে হবে। হজমের সময় তাপ বৃদ্ধি কমাতে দৃষ্টিগত গরুরকে কম আঁশ এবং উচ্চ শক্তি সম্পন্ন খাবার সরবরাহ করলে তা হিট স্ট্রেস কমাতে কার্যকরী ভূমিকা পালন করে।
৬. দিনের অতিরিক্ত গরমের সময়ে খাদ্য সরবরাহ কমিয়ে, শীতল সময়ে বাড়িয়ে দিন।
৭. সম্ভব হলে মিনারেল মিক্সচার ব্লক সরবরাহ করুন।
৮. প্রচলিত গরমে পারতপক্ষে কৃমিনাশক ব্যবহার বা টিকা প্রদান কিংবা গবাদিপশু পরিবহন পরিহার করুন। দিনের অপেক্ষাকৃত শীতল সময়ে এ কাজগুলো করা যেতে পারে।
৯. জরুরি পরিস্থিতি মোকাবেলায় প্রাণিসম্পদ দপ্তরের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখুন।